

এবার আমায় ডাকলে দূরে
সাগর-পারের গোপন পুরে ॥
বোঝা আমার নামিয়েছি যে, সঙ্গে আমায় নাও গো নিজে,
স্তব্ধ রাতের স্নিগ্ধ সুধা পান कराবে তৃষ্ণাতুরে ॥
আমার সন্ধ্যাফুলের মধু
এবার যে ভোগ করবে বঁধু ।
তারার আলোর প্রদীপখানি প্রাণে আমার জ্বালবে আনি,
আমার যত কথা ছিল ভেসে যাবে তোমার সুরে ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Iman

Visit www.geetabitan.com for notation and other detail